



বাংলাদেশ  
সুরক্ষিত  
Bangladesh



## ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

[www.iau.edu.bd](http://www.iau.edu.bd)



MUJIB  
100

বাড়ি নং-১২৪/২২, ইক-এ, রোড নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বিহুলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং:- ইআবি/পরি/অধিভুক্তি/২০২৩/ ২৩০৮৭

তারিখ: ১০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
২৩ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

### অফিস আদেশ

নাজমুল হক মদীনাতুল উলুম কামিল মাদরাসা, ৩৩৯, পূর্ব গোড়ান, খিলগাঁও, ঢাকা (মাদরাসা কোড: ১১০৬৫, EIIN: 108064) এর কামিল (স্নাতকোত্তর) হাদীস বিভাগ অধিভুক্তির বিষয়ে অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ এর প্রথম সংবিধির ধারা ৪.(৪)ক অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী অধিভুক্তির শর্ত পূরণ না হওয়ায়, ২২.০১.২০২৪খ্রি। তারিখ অনুষ্ঠিত অধিভুক্তি কমিটির ১০ম সভার সিদ্ধান্ত, ০৪.০২.২০২৪খ্রি। তারিখ অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ১৬তম সভার সুপারিশ এবং ২৭.০২.২০২৪খ্রি। তারিখ অনুষ্ঠিত সিভিকেটের ৩২তম সভায় অনুমোদনের পরিপ্রেক্ষিতে উক্ত মাদরাসার কামিল (স্নাতকোত্তর) হাদীস বিভাগ অধিভুক্ত করা হলো না। তবে শিক্ষার্থীদের কথা বিবেচনা করে নিম্নোক্ত শর্তে ০২ (দুই) বছরের জন্য প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ বৃদ্ধি করা হলো।

### শর্তসমূহ:

- এ আদেশ সিভিকেট সভার তারিখ অর্থাৎ ২৭.০২.২০২৪ খ্রি. থেকে কার্যকর হবে।
- পুরুষ শিক্ষকগণের বসার কক্ষের সাথে টয়লেট নির্মাণ করতে হবে এবং মহিলা শিক্ষকগণের জন্য টয়লেট সুবিধাসহ সম্পূর্ণ আলাদা কমনরুম করতে হবে।
- লাইব্রেরীতে পাঠ্যবই ও রেফারেন্স বই এর সংখ্যা আরো বাড়াতে হবে।
- সংবিধি মোতাবেক কামিল শ্রেণিতে শিক্ষার্থী সংখ্যা, পরীক্ষার্থী সংখ্যা ও কাম্য ফলাফল অর্জন করতে হবে।
- কামিল (স্নাতকোত্তর) হাদীস বিভাগ এমপিও ভুক্ত না হওয়া পর্যন্ত প্রাতিষ্ঠানিক বেতনে শিক্ষক নিয়োগ করে ক্লাস পরিচালনা করতে হবে।

ভাইস চ্যাপ্সেল মহোদয়ের অনুমোদনক্রমে

23.04.2024

(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মোবাইল নম্বর- ০১৭০৫ ৮০৮০০১

iauregistr@gmail.com

### অধ্যক্ষ

নাজমুল হক মদীনাতুল উলুম কামিল মাদরাসা,  
৩৩৯, পূর্ব গোড়ান, খিলগাঁও, ঢাকা।

স্মারক নং:- ইআবি/পরি/অধিভুক্তি/২০২৩/ ২৩০৮৭

তারিখ: ১০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
২৩ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

### সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ভাইস-চ্যাপ্সেলের একান্ত সচিব (ভাইস-চ্যাপ্সেল মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- আইসিটি শাখা, (ওয়েব সাইটে প্রকাশের জন্য) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- সভাপতি, নাজমুল হক মদীনাতুল উলুম কামিল মাদরাসা, ৩৩৯, পূর্ব গোড়ান, খিলগাঁও, ঢাকা।
- অফিস নথি।

23.04.2024

(মুহাম্মদ আখলাকুল আমিয়া)

সেক্ষণ অফিসার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মোবাইল নম্বর- ০১৬১৫ ৬২২১৫১